

## NYC Care-এর সাথে আপনি অসুস্থ হওয়ার আগেই স্বাস্থ্যসেবা পেতে পারেন

নিউ ইয়র্ক সিটিতে আমরা বিশ্বাস করি যে স্বাস্থ্যসেবা পাওয়া মানবিক অধিকার। আপনার জন্ম কোথায় হয়েছে কিংবা আপনার আর্থিক অবস্থা কেমন সেসব নির্বিশেষে, আমাদের সিটিতে আপনার মানসম্মত, সাশ্রয়ী স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার রয়েছে। **আপনার প্রয়োজনীয় সেবা পাওয়ার জন্য আপনাকে আর ইমার্জেন্সি রুমের জন্য নির্ভর করতে হবে না।**

NYC Care-এর সাথে আপনি আপনার নিজস্ব নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানকারী পাবেন এবং আপনার কমিউনিটিতে কোন NYC Health + Hospitals রোগীর সেবাকেন্দ্রে আপনি চাহিদা মোতাবেক মেডিকেল পরিষেবা পাবেন। এছাড়া আপনি প্রাথমিক সেবা, ওবি-জিওয়াইএন (OB-GYN) সেবা, মানসিক স্বাস্থ্যসেবা এবং 24/7 ওষুধ পাওয়ার মতো স্বাস্থ্য পরিষেবা পেতে সক্ষম হবেন।

NYC Care-এর সাথে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগের মাধ্যমে আপনার শারীরিক কোন সমস্যা হলেই আগেভাগে সেটার চিকিৎসা করে নিয়ে সুস্বাস্থ্য বজায় রাখতে পারবেন। খুবই কম খরচে কিংবা বিনামূল্যে সকল পরিষেবা প্রদান করা হবে।

**আরও জানতে এবং তালিকাভুক্ত হতে, কল করুন এই নাম্বারে**

1-646-NYC-CARE
1-646-692-2273

গোপনীয়তা নিশ্চিতভাবে রক্ষা করা হবে। NYC Care-এ তালিকাভুক্তি 'পাবলিক চার্জ' বিধানের অধীনে কোন ঝুঁকি বহন করে না।

আরও জানতে এবং তালিকাভুক্ত হতে, কল করুন এই নাম্বারে

1-646-NYC-CARE
1-646-692-2273

nyccare.nyc

শহর-ব্যাপী • ভলিউম 3 • 9/1/20
Bengali 03/22

NYC HEALTH+ HOSPITALS | NYC CARE

সাথে থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।

# সিটির স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য আপনার চাবিকাঠি

আপনার অভিবাসন পরিস্থিতি বা অর্থ পরিশোধ করার সক্ষমতা নির্বিশেষে সম্মান ও মর্যাদার সাথে সিটির স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য আপনার চাবিকাঠি উপলব্ধি করুন

NYC HEALTH+ HOSPITALS | NYC CARE

**NYC Health + Hospitals অবস্থানগুলিতে শহরব্যাপী উপলব্ধ!**

**আজই NYC Care-এর সদস্য হন!**

1-646-NYC-CARE
1-646-692-2273

**nyccare.nyc**

গোপনীয়তা নিশ্চিতভাবে রক্ষা করা হবে। NYC Care-এ তালিকাভুক্তি 'পাবলিক চার্জ' বিধানের অধীনে কোন ঝুঁকি বহন করে না।

NYC HEALTH+ HOSPITALS | NYC CARE

## NYC Care সম্পর্কে

NYC Care একটি বিনামূল্য বা কম-খরচের স্বাস্থ্য সেবা উপভোগ করার প্রোগ্রাম যা সেইসব নিউ ইয়র্কবাসীদের জন্য যারা স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্য নয় কিংবা স্বাস্থ্য বিমা কেনার জন্য আর্থিকভাবে অবস্থাসম্পন্ন নয়। আপনার অভিবাসন পরিস্থিতি বা অর্থ পরিশোধ করার সক্ষমতা নির্বিশেষে সম্মান ও মর্যাদার সাথে সিটির সাশ্রয়ী স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য আপনার অধিকার উপলব্ধি করুন।

NYC Care-এর সাথে, আপনি:

+ আপনার কমিউনিটির NYC Health + Hospitals -এর রোগী পরিচর্যা কেন্দ্রে প্রাথমিক, প্রতিরোধমূলক ও বিশেষ স্বাস্থ্য সেবায় প্রবেশাধিকার পাওয়ার জন্য একটি অনন্য মেম্বারশিপ কার্ড পাবেন।
+ আপনার জন্য প্রাইমারি কেয়ার প্রোভাইডার বেছে নিতে পারেন যিনি আপনাকে অসুস্থতা এড়িয়ে ও অন্যান্য পরিষেবা দিয়ে সুস্বাস্থ্য বজায় রাখতে সহায়তা করবে।
+ দুই সপ্তাহ বা তারও কম সময়ের মধ্যে প্রাইমারি কেয়ার প্রোভাইডারের সাথে আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন। টেলিহেলথ বা স্বশরীরে অ্যাপয়েন্টমেন্ট উপলব্ধ।
+ যখনই আপনার সাহায্যের প্রয়োজন, আমাদের কল সেন্টারে যোগাযোগ করুন, যা 24/7 খোলা থাকে।
+ কম খরচে 24/7 প্রেসক্রিপশন ওষুধ ও রাতের বেলাতেও ওষুধ রিফিল করার জন্য সুবিধা পাবেন।
+ প্রাইমারি কেয়ার টিমের কাছ থেকে সহায়তা পাবেন যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নার্স, মানসিক স্বাস্থ্য সম্পর্কিত ডাক্তার, মেডিকেল অ্যাসিস্টেন্ট, সামাজিক কর্মী, ফার্মাসিস্ট এবং পুষ্টিবিদ।
+ মানসম্মত স্বাস্থ্যসেবা পেতে সমর্থ হবেন। যুক্ত হতে কিংবা মাসিক কোন ফি প্রযোজ্য নয়। স্বাস্থ্য সেবা পেতে আপনার খরচ আপনার পারিবারিক আকার এবং আয়ের উপর নির্ভরশীল।

**আরও জানতে এবং তালিকাভুক্ত হতে, কল করুন এই নাম্বারে**
1-646-NYC-CARE
1-646-692-2273
**গোপনীয়তা নিশ্চিতভাবে রক্ষা করা হবে। NYC Care-এ তালিকাভুক্তি 'পাবলিক চার্জ' বিধানের অধীনে কোন ঝুঁকি বহন করে না।**

## আপনার মেম্বারশিপ পরিষেবা

### প্রাথমিক ও প্রতিরোধমূলক সেবা

+ আপনার নিজস্ব প্রাইমারি কেয়ার প্রোভাইডার বেছে নিন যিনি আপনার দৈনন্দিন শারীরিক সমস্যা, যেমন বদ হজম, গলা ব্যথা, জ্বর ইত্যাদি অসুবিধাগুলোর চিকিৎসা করবে এবং সেই সাথে দীর্ঘমেয়াদী রোগ যেমন ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে সহায়তা করবে।
+ ফ্লু শট, ম্যামোগ্রাম, এবং একটি কোলোনোস্কপির রুটিনমাফিক টিকা এবং স্ক্রীনিং পান।

### বিশেষজ্ঞ সেবা

আপনার প্রাইমারি কেয়ার প্রোভাইডার বিশেষজ্ঞের সাথে কাজ করবে এবং আপনার চাহিদা মোতাবেক সহায়তা দেবে, এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

+ কার্ডিওলজি
+ আর্থ্রাইটিস সেবা
+ অর্থোপেডিক্স
+ পোডিয়াট্রি
+ ওজন হ্রাসের জন্য পরিষেবা
+ গ্যাস্ট্রোএন্টারোলজি
+ সাধারণ সার্জারি
+ নাক, কান ও গলা (ENT)
+ নারীর স্বাস্থ্য ও প্রিন্যাটাল সেবা
+ চোখের যত্ন

### আচরণগত স্বাস্থ্য ও মাদকদ্রব্যের ব্যবহার

+ বিষণ্ণতা, দুশ্চিন্তা এবং অন্যান্য মানসিক সমস্যার চিকিৎসা করার জন্য মানসিক স্বাস্থ্য সেবা পান।
+ সঠিক মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ, সামাজিক কর্মী, থেরাপিস্ট বা মনোবিজ্ঞানীর কাছে রেফারড হন।
+ মাদকাসক্তি ও সাবস্ট্যান্স ইউজ ডিসঅর্ডারের চিকিৎসা ও সহায়তা পান।

### সামর্থ্য অনুসারে ওষুধ কিনুন

+ NYC Health + Hospitals ফার্মেসিসমূহে কম খরচের প্রেসক্রিপশন ওষুধ এবং কর্মদিবস সন্ধ্যা ও সাপ্তাহিক ছুটির দিনসহ, পরিবর্ধিত সময়ের সাথে অতিরিক্ত ফার্মেসি অ্যাক্সেস পান।
+ অনলাইনে প্রেসক্রিপশন রিফিলের অর্ডার দিন।

**আরও জানতে এবং তালিকাভুক্ত হতে, কল করুন এই নাম্বারে**
1-646-NYC-CARE
1-646-692-2273
**গোপনীয়তা নিশ্চিতভাবে রক্ষা করা হবে। NYC Care-এ তালিকাভুক্তি 'পাবলিক চার্জ' বিধানের অধীনে কোন ঝুঁকি বহন করে না।**

## প্রশ্ন-উত্তর

### NYC Care কী?

NYC Care একটি সদস্যতা-ভিত্তিক প্রোগ্রাম যা NYC Health + Hospitals দ্বারা পরিবেশিত, এর মাধ্যমে আপনি কম খরচ বা বিনামূল্যে বিশেষজ্ঞ দেখানো, কম-খরচে ওষুধ কেনা এবং 24/7 গ্রাহক পরিষেবাসহ আপনার নিজস্ব ডাক্তারের কাছ থেকে চিকিৎসা নিতে পারবেন।

### NYC Care পাওয়ার জন্য আমি যোগ্য হব কিভাবে?

আপনাকে অবশ্যই NYC-তে ছয় মাস বা তার থেকে বেশি সময়ে বাস করতে হবে এবং নিউ ইয়র্ক স্টেটে যেসকল সরকারি স্বাস্থ্য বিমা পরিকল্পনা আছে সেগুলোর জন্য যোগ্যতা না থাকা আবশ্যক। ফেডেরাল স্ট্যান্ডার্ড ভিত্তিক স্বাস্থ্য বিমা পাওয়ার জন্য যোগ্য না হলেও আপনি এই প্রোগ্রামে যুক্ত হওয়ার উপযুক্ত হবেন। আপনি এই সুবিধা পাওয়ার উপযুক্ত কিনা তা জানতে, কল করুন আজই 1-646-NYC-CARE (1-646-692-2273)!

### এই পরিষেবার জন্য আমাকে কী পরিমাণ অর্থ দিতে হবে?

আপনার সামর্থ্য অনুসারে অর্থ দিতে হবে। আপনার পরিবারের সদস্য সংখ্যা ও আয়ের ওপর ভিত্তি করে মূল্যছাড় নির্ধারণ করা হয় এবং তা $0 থেকে শুরু হয়। যুক্ত হওয়ার জন্য কোন ফি, মাসিক ফি বা প্রিমিয়াম নেই। আরও তথ্য জানতে, অনুগ্রহ করে ভিজিট করুন **nyccare.nyc** এবং আমদের ফি স্কেল সারণি দেখুন।

### আমি স্বাস্থ্যসেবা কোথায় পাবো?

NYC Care-এর একজন সদস্য হিসেবে, আপনার কমিউনিটির NYC Health + Hospitals স্বাস্থ্যসেবা কেন্দ্রে সেবা পাবেন। ঠিকানা জানতে, ভিজিট করুন nyccare.nyc।

### আমার গোপনীয়তা কি রক্ষা করা হবে?

NYC Health + Hospitals-এর স্বাস্থ্যসেবা প্রদানকারীরা আপনার ব্যক্তিগত স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ও অভিবাসন পরিস্থিতি বিষয়ক তথ্যাবলী গোপন রাখার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। নির্ভয়ে স্বাস্থ্যসেবা চান। আজই NYC Care-এ তালিকাভুক্ত হন।

### কিভাবে আরও তথ্য পাব বা NYC Care-এ তালিকাভুক্ত হব?

ফোন করুন: 1-646-NYC-CARE (1-646-692-2273) আরও জানতে ভিজিট করতে পারেন **nyccare.nyc**। আপনার ভাষাতেও আমরা কথা বলি!

**আরও জানতে এবং তালিকাভুক্ত হতে, কল করুন এই নাম্বারে**
1-646-NYC-CARE
1-646-692-2273
**গোপনীয়তা নিশ্চিতভাবে রক্ষা করা হবে। NYC Care-এ তালিকাভুক্তি 'পাবলিক চার্জ' বিধানের অধীনে কোন ঝুঁকি বহন করে না।**